দৈনিক ইত্তেফাক

তারিখ 24 SEP 2016
পৃষ্ঠা

# ৮ম শ্রেণি পর্যন্ত প্রাথমিক শিক্ষার দাবি

## সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি

■ ইত্তেফাক রিপোর্ট

২০১৮ সালের মধ্যে ৮ম শ্রেণি পর্যন্ত আট বছর মেয়াদী প্রাথমিক শিক্ষা বাস্তবায়নসহ ৯ দফা দাবি জানিয়েছে বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি। গতকাল শুক্রবার ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে 'মানসম্মত শিক্ষা বাস্তবায়নে আমাদের করণীয়' শীর্ষক আলোচনা থেকে এসব দাবি জানান হয়।

সভায় শিক্ষক নেতারা মেধা ও যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে সহকারী শিক্ষক হিসেবে নিয়োগের দাবি জানান। একই সঙ্গে বিভাগীয় উচ্চপদে উক্ত সহকারী শিক্ষকদের মধ্য থেকে যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে শতভাগ পদোন্নতির ব্যবস্থা করা, একই পাঠ্যপুস্তক ও কারিকুলামের আওতায় একীভূত প্রাথমিক শিক্ষা চালুর দাবি জানান তারা।

শিক্ষকদের পদোন্নতির ক্ষেত্রে নানা সমস্যা ও বৈষম্য হচ্ছে জানিয়ে তারা বলেন, দীর্ঘদিন যাবৎ পদোন্নতিবঞ্চিত সিনিয়র সহকারী শিক্ষকদের প্রধান শিক্ষকের শূন্য পদ সৃষ্টি করতে হবে।

সমিতির সভাপতি ওয়েছ আহমদ চৌধুরীর সভাপতিত্বে সভায় লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির মহাসম্পাদক আমিনুল ইসলাম চৌধুরী। এ সময় সমিতির সিনিয়র সহ-সভাপতি মো. আবুল হোসেন, আক্কাছ আলী, সহ-সভাপতি মনসুর আলী ওয়ান, আইয়ুব উল্যাহ ভূঁইয়া প্রমুখ উপস্থিত ছিলেন।